ফ্যাসিবাদের দোসরদের সঙ্গে গণমাধ্যম সংস্কার কমিশনের বৈঠক আয়োজনে বিএফইউজে-ডিইউজে’র ক্ষোভ

প্রেস বিজ্ঞপ্তি- টেলিভিশন মালিকদের সংগঠন অ্যাসোসিয়েশন অব টেলিভিশন ওনার্স (অ্যাটকো)’র নামে খুনের আসামী ও ফ্যাসিবাদের দোসরদের সঙ্গে গণমাধ্যম সংস্কার কমিশনের বৈঠক আয়োজনের তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) এবং ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে)।

আজ রবিবার (২৬ জানুয়ারি) বিএফইউজে’র ভারপ্রাপ্ত সভাপতি ওবায়দুর রহমান শাহীন ও মহাসচিব কাদের গণি চৌধুরী এবং ডিইউজে সভাপতি মোঃ শহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক খুরশীদ আলম এক যৌথ বিবৃতিতে বলেন, গণমাধ্যম সংস্কার কমিশন কর্তৃক আলোচনার জন্য টেলিভিশন মালিকদের প্রতিনিধি হিসেবে যাদেরকে ডাকা হয়েছে, তাদের অধিকাংশই আওয়ামী ফ্যাসিবাদের চিহ্নিত দোসর। এদের মধ্যে একাধিক ব্যক্তি রয়েছেন যাদের খুনের মামলা বিদ্যমান। গণমাধ্যম সংস্কারের নামে এসব দোসর খুনের আসামীদের সঙ্গে এ ধরনের বৈঠক আয়োজন শুধু হঠকারিতাই নয়, জাতীর সঙ্গে একধরনের নগ্ন তামাশাও বটে। আমরা মনে করি এই উদ্যোগ গণমাধ্যম সংস্কারের পরিবর্তে ফ্যাসিবাদকে পুনর্বাসনের হীন চেষ্টা ছাড়া আর কিছুই নয়। আমরা এই প্রচেষ্টাকে ঘৃনাভরে প্রত্যাখ্যান করছি এবং এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

অবিলম্বে এই বৈঠকের কার্যক্রম বন্ধের দাবি জানিয়ে নেতৃবৃন্দ বলেন, বৈঠকে যাদেরকে ডাকা হয়েছে তাদের কয়েকজন এরইমধ্যে বিভিন্ন মামলার আসামী হয়ে কারাগারে আছেন। এসব ব্যক্তির সঙ্গে আলোচনার প্রস্তাব গণমাধ্যম সংস্কার কমিশনের পুরো উদ্দেশ্যকেই প্রশ্নবিদ্ধ করেছে।
বিএফইউজে ও ডিইউজে নেতৃবৃন্দ গণমাধ্যম সংস্কার কমিশনকে জুলাই বিপ্লবের আকাঙ্খাকে ধারণ করে ফ্যাসিবাদের দোসরদের আশ্রয়-প্রশ্রয় দেয়ার নীতি পরিহার এবং গণঅভ্যূত্থানের আকাঙ্খাকে ধারণকারি গণমাধ্যম সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সঙ্গে আলোচনা করে সংস্কারের কাজটি এগিয়ে নেয়ার জন্য আমরা আহ্বান জানান।